

আদি কর্মযোগী অভিযান

**আগামীকাল রাজ্য স্তরের ওরিয়েন্টেশন প্রোগ্রাম
এবং স্টেট প্রসেস ল্যাব'র উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী**

ভারত সরকারের জনজাতি কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে, আদি কর্মযোগী অভিযান ১০ জুলাই, ২০২৫ তারিখে শুরু হয়েছে যা সেবা, সমর্পণ এবং সংকল্পের দ্বারা "বিকশিত ভারত" তৈরী করার লক্ষ্যে একটি অভিযান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে ও ধরতি আবা জনজাতিয় গ্রাম উৎকর্ষ অভিযান (DA-JGUA) এর অধীনে, আদি কর্মযোগী অভিযান বাস্তবায়িত হচ্ছে। যার মূল উদ্দেশ্য দেশব্যাপী ১ লক্ষ জনজাতি অধ্যুষিত গ্রামে, ৫৫০+ জেলা এবং ৩০০০ ব্লকে জনজাতি মানুষের জীবন পরিবর্তন করার লক্ষ্যে ২০ লক্ষ প্রশিক্ষিত ক্যাডার তৈরি করা, যাদের মাধ্যমে জন সাধারণের সক্ষমতা বৃদ্ধি, একত্রিতকরণ এবং সকল সম্প্রদায়ের অংশগ্রহণ নিশ্চিত করা সম্ভব হবে।

এই অভিযানকে বাস্তবায়িত করে তুলতে তিন প্রকারের প্রশিক্ষিত ক্যাডার তৈরী করা হবে:

- আদি কর্মযোগী: সরকারি আধিকারিক ও কর্মচারি যারা রাজ্য, জেলা, ব্লক এবং পঞ্চায়েত স্তরে প্রশাসনের মূল চালিকাশক্তি। তারা পরিষেবা প্রদানে সহায়তা এবং সমন্বয় নিশ্চিত করবে।
- আদি সহযোগী: শিক্ষক, ডাক্তার ও সমাজসেবী যারা অনুপ্রাণিত পরিষেবা প্রদানকারী এবং শিক্ষিত জনজাতি যুবক যারা শিক্ষা, স্বাস্থ্য, এবং সচেতনতার সমন্বয় করবে।
- আদি সাথী: SHG সদস্য (NRLM), গ্রামবাসী, প্রবীণ নাগরিক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব যারা তৃণমূল স্তরের মানুষকে একত্রিত করবে এবং ঐতিহ্য সংরক্ষণ করবে।

প্রতিটি জনজাতি অধ্যুষিত গ্রামে একটি একক পরিষেবা কেন্দ্র তথা "আদি সেবা কেন্দ্র" স্থাপন করা হবে। স্থানীয় চাহিদা পূরণের জন্য জনজাতি গ্রামগুলিতে "সেবা সময়" (সাপ্তাহিক অভিযোগ অধিবেশন) এবং "সেবা দিবস" (মাসিক পরিষেবা প্রদান অভিযান) এর মতো উদ্যোগগুলি আয়োজন করা হবে। আদি সেবা কেন্দ্রগুলি নিশ্চিত করবে যে স্বাস্থ্য থেকে শিক্ষা পর্যন্ত সমস্ত সরকারি পরিষেবা নাগরিকদের জন্য উপলব্ধ হয়। আদি কর্মযোগী অভিযানের বাস্তবায়ন নিশ্চিত করার জন্য এবং ক্ষমতা বৃদ্ধির জন্য, রাজ্য, জেলা এবং ব্লক স্তরে প্রসেস ল্যাবের মাধ্যমে প্রশিক্ষণ দেওয়া হবে। ত্রিপুরায়, এই অভিযানের মধ্য দিয়ে ৮ জন স্টেট মাস্টার ট্রেনার, ৪০ জন ডিস্ট্রিক্ট মাস্টার ট্রেনার, ২৬০ জন ব্লক মাস্টার ট্রেনার, ও DAJGUA-র আওতাধীন প্রতিটি গ্রামে ১৫ জন উন্নয়ন কর্মী প্রশিক্ষিত হবে। যার মাধ্যমে জনজাতি অধ্যুষিত ৩৯২টি রাজস্ব গ্রামে প্রায় ৮ লক্ষ জনজাতি গোষ্ঠী প্রভাবিত হবে।

১ সেপ্টেম্বর থেকে ৭ সেপ্টেম্বর, ২০২৫ পর্যন্ত শিলং-এ অনুষ্ঠিত রিজিওনাল প্রসেস ল্যাবে আটজন স্টেট মাস্টার ট্রেনারকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। রাজ্য স্তরের ওরিয়েন্টেশন প্রোগ্রাম এবং স্টেট প্রসেস ল্যাব আগামীকাল প্রজ্ঞা ভবনে উদ্বোধন করা হবে। এই অনুষ্ঠানে প্রধান অতিথি এবং উদ্বোধক হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা। তাছাড়াও সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজ্যের জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ভারত সরকারের জনজাতি কল্যাণ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব টি. রৌমান পাইতে এবং রাজ্য সরকার জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ডঃ কে. শশীকুমার।

(২)

ডিস্ট্রিক্ট মাস্টার ট্রেনারদের জন্য স্টেট প্রসেস ল্যাব (SPL) (৪ দিনের আবাসিক প্রশিক্ষণ) ১৬ থেকে ১৯ সেপ্টেম্বর, ২০২৫ পর্যন্ত অনুষ্ঠিত হবে যা স্টেট মাস্টার ট্রেনারদের দ্বারা পরিচালিত হবে। ডিস্ট্রিক্ট প্রসেস ল্যাবগুলি ২৩-২৫ সেপ্টেম্বর, ২০২৫ এর মধ্যে আয়োজন করা হবে। সকল জেলায় এই অভিযানের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ১৭ সেপ্টেম্বর থেকে ২রা অক্টোবর, ২০২৫ পর্যন্ত সকল DAJGUA গ্রামে "সেবা পর্ব" অনুষ্ঠিত হবে যার অঙ্গ হিসাবে প্রতিটি গ্রামে সম্পৃক্ততা শিবির, বিশেষ গ্রাম সভা, স্বাস্থ্য শিবির, কর্মযোগী অভিযানের স্বচেতনতা শিবির ইত্যাদি আয়োজন করা হবে। জনজাতীয় গৌরব বর্ষের অংশ হিসেবে, আদি কর্মযোগী অভিযান জনজাতি সম্প্রদায়ের ক্ষমতায়ন, স্বশাসন নিশ্চিতকরণ এবং স্থানীয় নেতৃত্বকে উৎসাহিত করে "বিকশিত ভারত ২০৪৭"-কে এগিয়ে নিয়ে যাবে। আদি কর্মযোগী অভিযান জাতীয় স্তর থেকে পঞ্চগয়েত স্তর পর্যন্ত প্রশাসনিক ব্যবস্থাকে শক্তিশালী করবে এবং একাধিক বিভাগের মধ্যে সমন্বয় নিশ্চিত করবে। রাজ্যের সকল নাগরিকদেরকে এগিয়ে এসে এই অভিযানের সর্বোত্তম সুবিধা গ্রহণের জন্য অনুরোধ জানানো হচ্ছে। জনজাতি কল্যাণ দপ্তর থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।
